পরিবার কেন্দ্রিক প্রচলিত মূল্যবোধ এই সংকট মোকাবেলার জন্য যথেষ্ট নয়। প্রয়োজন কমিউনিটি ভিত্তিক সামাজিক প্রতিষ্ঠান সমূহ যেমন ইউনিয়ন পরিষদ, স্থানীয় স্বাস্থ্য পরিষেবা কাঠামো, সালিশ ব্যবস্থা সমূহকে প্রবীণদের বিশেষ চাহিদার প্রতি দায়িত্বশীল করে তোলা। প্রবীণদের আজীবন সঞ্চিত অভিজ্ঞতা এসব প্রতিষ্ঠানের কর্মকাণ্ডকে ভিন্ন মাত্রা দিবে যা সামাজিক ভারসাম্য গঠনে সহায়ক হবে। প্রবীণদের অসহায়তা থেকে বেরিয়ে আসার



একটি প্রধান শর্ত হল প্রবীণ জনগোষ্ঠীকে তাদের নিজস্ব চাহিদা ও দাবী সম্পর্কে সচেতন এবং সংগঠিত করা। সংগঠিত প্রবীণেরা ইউনিয়ন পরিষদসহ অন্যান্য প্রতিষ্ঠানের কাজকে প্রভাবিত করবে যাতে প্রবীণবান্ধব একটি সামাজিক পরিবেশ তৈরি হয়।

ইউরোপীয় ইউনিয়ন স্থানীয় পর্যায়ে প্রবীণদের সংগঠিত করার লক্ষ্যে আর্থিক সহায়তা নিয়ে এগিয়ে এসেছে। ইউরোপীয় কমিশনের অর্থায়নে হেল্প এইজ ইন্টারন্যাশনালের সহযোগিতায় রিসোর্স ইন্টিগ্রেশন সেন্টার (রিক) “গ্রামীণ উন্নয়নে প্রবীণ জনগোষ্ঠীর অংশগ্রহণ বৃদ্ধি” নামে একটি প্রকল্প বাস্তবায়ন করছে। প্রকল্পের আওতায় তিনটি উপজেলায় মোট ২১ টি ইউনিয়নে প্রবীণদের সংগঠন গড়ে তোলার মাধ্যমে তৃণমূল পর্যায়ে প্রবীণ জনগোষ্ঠীকে সংগঠিত করা হচ্ছে। ইউনিয়ন পরিষদ সরকারী বেসরকারী চিকিৎসা কেন্দ্র, ব্যাংক ও অন্যান্য প্রতিষ্ঠান সমূহকে প্রকল্পের কাজের সাথে যুক্ত করার মাধ্যমে এসব

প্রতিষ্ঠানের সেবা কাঠামোকে প্রবীণ অনুকূল করার লক্ষ্যে প্রকল্পটি কাজ করছে। ২১ টি ইউনিয়নে প্রবীণ ইস্যু নিয়ে কাজের মধ্য দিয়ে প্রবীণ সংগঠন ও সরকারী বেসরকারী প্রতিষ্ঠান সমূহ যে অভিজ্ঞতা ও জ্ঞান অর্জন করছে তার মূল্য অপারিসীম, এই অভিজ্ঞতা সমগ্র দেশের পরিসরে প্রবীণ ইস্যু নিয়ে ভবিষ্যত কাজে চালিকা শক্তি হবে।

এই নিউজলেটারটি “গ্রামীণ উন্নয়নে প্রবীণ জনগোষ্ঠীর অংশ গ্রহণ বৃদ্ধি” প্রকল্পের প্রথম প্রকাশনা। এখানে স্বল্প পরিসরে তুলে ধরেছি প্রকল্পের পটভূমি ও কাজিত অর্জন, প্রকল্প এলাকার সংক্ষিপ্ত পরিচিতি, তৃণমূল প্রবীণ নেতৃবৃন্দের ভাবনা, গ্রামীণ বাস্তবতায় হোম কেয়ার, বস্তিবাসী প্রবীণদের জীবনযুদ্ধের প্রতিকূলতা, প্রবীণ ইস্যুতে কিছু উল্লেখযোগ্য সংবাদ এবং রিকের অন্যান্য প্রবীণ বিষয়ক প্রকল্পের পরিচিতি।



এই প্রকল্পটি ইউরোপীয়ান ইউনিয়ন কর্তৃক অর্থায়িত

প্রকল্পটি হেল্প এইজ ইন্টারন্যাশনাল কর্তৃক বাস্তবায়িত

এই নিউজলেটারে প্রকাশিত দৃষ্টিভঙ্গি ইউরোপীয়ান কমিশনের দৃষ্টিভঙ্গিকে আবশ্যিকভাবে প্রতিফলিত করে না।

প্রকল্পের পটভূমি ও প্রত্যাশিত ফলাফল

গ্রামীণ প্রবীণদের দারিদ্র ও বিচ্ছিন্নতা মোকাবেলার সাথে স্থানীয় উন্নয়ন ও ত্রুটি ভাবে জড়িত। উন্নয়নে 'তৃণমূল থেকে জাতীয় স্তর' এই নীতির বাস্তবায়ন স্থানীয় নেতৃত্ব বিকাশের পাশাপাশি টেকসই উন্নয়নকে নিশ্চিত করে। আমাদের দেশে এই নীতি মূলত শ্রোগানে পরিণত হয়েছে। কার্যত সকল সিদ্ধান্ত ও কার্যক্রম 'উপর থেকে নীচ' নীতি অনুসরণ করে। ফলে স্থানীয় পর্যায়ে অর্জিত সাফল্য স্থায়ী হয় না। এই বাস্তবতার প্রেক্ষিতে প্রবীণ ইস্যুকে গ্রামীণ ও স্থানীয় শাসন কাঠামোয় জনগণের অংশগ্রহণমূলক অংশীদারিত্বের আলোকে আমরা দেখছি।

'গ্রামীণ উন্নয়নে প্রবীণ জনগোষ্ঠীর অংশগ্রহণ বৃদ্ধি' - এই প্রকল্পটি প্রবীণ জনগোষ্ঠীর কয়েকটি বিশেষ সমস্যার প্রেক্ষিতে কর্মকান্ড পরিচালিত করছে। সমস্যাগুলো এখানে সংক্ষেপে আলোচিত হল।

দ্রুত বর্ধিষ্ণু প্রবীণ জনগোষ্ঠীর কোন নিজস্ব সংগঠন নেই। ফলে কমিউনিটির সামাজিক, রাজনৈতিক ও অর্থনৈতিক কর্মকান্ডে প্রবীণদের অংশগ্রহণ তাদের ব্যাপক প্রয়োজন ও চাহিদার তুলনায় নূন্যতম পর্যায়ে নেমে এসেছে। সমাজে তাঁরা আর দৃশ্যমান নয়, প্রান্তিক জনগোষ্ঠীতে পরিণত হয়েছে। প্রবীণ নারীদের অবস্থা আরও প্রান্তিক কারণ তারা একই সাথে প্রবীণ এবং নারী।

স্থানীয় ভাবে প্রাপ্য আর্থিক সুবিধা অধিকাংশ দারিদ্র প্রবীণের নাগালের বাইরে। সরকার বয়স্কভাতা প্রদানের মাধ্যমে দুঃস্থ প্রবীণদের দারিদ্র কিছুটা লাঘব করার কার্যক্রম বাস্তবায়ন করছে। স্থানীয় ক্ষমতা কাঠামোর প্রভাব মুক্ত হয়ে ইউনিয়ন পরিষদ ও প্রশাসনের পক্ষে প্রকৃত দুঃস্থ প্রবীণ ও বিধবাদের মধ্য থেকে ভাতা গ্রহীতাদের বাছাই করা একটি বড় চ্যালেঞ্জ। ব্যাংক থেকে ভাতা সংগ্রহ প্রবীণদের জন্য একটি কষ্টকর অভিজ্ঞতা। অধিক দুরত্ব, অতিরিক্ত যাতায়াত ভাড়া, ছোট পরিসরে অনেক প্রবীণদের দীর্ঘ অপেক্ষা, অনেক ক্ষেত্রে ব্যাংক কর্মচারীদের অসহনশীল আচরণ প্রবীণদের জন্য হতাশাজনক পরিস্থিতির সৃষ্টি করে।

স্বাস্থ্য প্রবীণদের একটি প্রধান ইস্যু। প্রায়ই তারা প্রতিরোধ ও নিরাময় যোগ্য অসুস্থতায় ভোগেন। অথচ সমাজের বৃহত্তর অংশ প্রবীণ অসুস্থতাকে জীবন চক্রের স্বাভাবিক ব্যাপার মনে করেন। প্রবীণদের মধ্যেও এই ধারণাটি প্রবল ভাবে সক্রিয়। ফলে প্রতিরোধ ও নিরাময় যোগ্য অসুস্থতার প্রায়ই কোন প্রতিকার ও চিকিৎসা হয় না। প্রবীণ স্বাস্থ্যের এই বিশেষ দিকের পাশাপাশি চিকিৎসা সেবার সাথে জড়িত প্রতিষ্ঠান ও প্রফেশনালদের মধ্যে প্রবীণ স্বাস্থ্য সমস্যাকে যথাযথ গুরুত্ব সহকারে দেখার দৃষ্টিভঙ্গিগত ঘাটতি রয়েছে।



প্রাকৃতিক দুর্যোগের দেশ বাংলাদেশ। নারী, শিশু, প্রবীণেরা এই দুর্যোগের প্রধান শিকার। দুর্যোগ মোকাবেলার প্রস্তুতি ও দুর্যোগ পরবর্তী ব্যবস্থাপনায় সক্ষম প্রবীণদের মতামত ও অংশগ্রহণ এখনও দৃশ্যমান হয়ে উঠেনি। দুর্যোগ পূর্ববর্তী প্রস্তুতিতে, আশ্রয় কেন্দ্রে প্রাপ্য যাবতীয় সুবিধায় এবং দুর্যোগ পরবর্তী পূর্ণবাসন কাজে শারীরিকভাবে অসমর্থ প্রবীণদের বিশেষ চাহিদা গুলোকে গুরুত্ব সহকারে অন্তর্ভুক্ত করা হয় না। অথচ প্রাকৃতিক দুর্যোগের ক্ষয়ক্ষতি কাটিয়ে উঠার যাবতীয় লোকজ জ্ঞান প্রবীণেরাই ধারণ করেন।

১৪ মার্চ, ২০১০ মহেশখালী উপজেলার বড় মহেশখালী ইউনিয়নের টেল পাড়া গ্রামে ভয়াভহ অগ্নিকাণ্ড সংগঠিত হয়। এই অগ্নিকাণ্ডে প্রায় ১০০টি বাড়ী ভস্মীভূত হয় এবং অনেকেই মারা ত্বকভাবে আহত হন। ক্ষতিগ্রস্ত এইসব পরিবারগুলো এখন খোলা আকাশের নীচে রাত কাটায়। এদের মধ্যে ৬টি পরিবারের অবস্থা খুবই সংকটাপন্ন। প্রবীণ প্রধান এই সব পরিবার ঘরবাড়ী হারিয়ে এখন দিশেহারা। এমনকি প্রতিদিনের খাবার যোগাড় করাটাও তাদের জন্য কষ্টসাধ্য। বড় মহেশখালী ইউনিয়ন প্রবীণ কমিটির উদ্যোগে এই সব পরিবারগুলোকে খাদ্য সহযোগিতা দেয়া হয়। কিন্তু তাদের পূর্ণবাসনের কোন ব্যবস্থা এখনো হয়নি। ফলে চরম অনিশ্চয়তার মধ্যে চলছে তাদের জীবন।

স্থানীয় পর্যায়ে প্রবীণদের অংশগ্রহণ বৃদ্ধি করা, তাদের প্রধান চাহিদাগুলোকে জোরালো ভাবে তুলে ধরা কিংবা পরিবারে ও সমাজে তাদের বিচ্ছিন্নতা রোধে সফল ভাবে উন্নয়ন কর্মকান্ড পরিচালনা করার যোগ্যতা সম্পন্ন জাতীয় ভিত্তিক বেসরকারী উন্নয়ন সংস্থা বাংলাদেশে খুবই বিরল। যার ফলশ্রুতিতে প্রবীণেরা দিনে দিনে জনচেতনতায় বিস্মৃত হতে চলেছে।

বাস্তবায়নাধীন বর্তমান প্রকল্পটি এসব প্রবীণ সমস্যা সমাধানের লক্ষ্যে কয়েকটি কর্মকৌশল গ্রহণ করেছে। সামাজিক ভাবনা ও কর্মকান্ডে প্রবীণ ইস্যুকে গুরুত্ব দিতে প্রবীণদের নিজস্ব সংগঠন গড়ে তোলা হয়েছে। সংগঠনের দক্ষতা ও ক্ষমতা সৃষ্টিতে প্রশিক্ষণ ও মতবিনিময়ের পাশাপাশি সাংগঠনিক কাজে সবাইকে যুক্ত করার প্রয়াস চালান হয়। স্থানীয় সরকার ও প্রশাসনের সাথে প্রবীণ কমিটির নিবিড় যোগাযোগ এবং প্রকল্পের সকল কর্মকান্ড সম্পর্কে নিয়মিত অবহিত করণের মাধ্যমে সমাজে প্রবীণদের একটি বৃহত্তর ক্ষেত্র তৈরি হচ্ছে।

প্রকল্প এলাকা পরিচিতি



হেল্প এইজ ইন্টারন্যাশনাল এর আর্থিক সহযোগীতায় ২৭ এবং ২৮ জানুয়ারী ২০১০ গঙ্গাচড়া উপজেলার ১০ টি ইউনিয়নে দরিদ্র প্রবীণ এবং তাঁদের পরিবারের শিশুদের মধ্যে শীতবস্ত্র বিতরণ করা হয়। শীতবস্ত্রের মধ্যে ছিল কম্বল, শাল এবং সোয়েটার। ৪৫০ জন পুরুষ, ৪৫০ জন নারী প্রবীণ এবং ৪৮৫ শিশু সহ মোট ১৩৮৫ জনের মধ্যে এই শীতবস্ত্র বিতরণ করা হয়। প্রতিটি ইউনিয়নের গ্রাম, ওয়ার্ড এবং ইউনিয়ন কমিটি শীতবস্ত্রের জন্য প্রবীণ ও শিশুদের নাম মনোনয়ন করেন। স্থানীয় গণ্যমান্য ব্যক্তিগণ মনে করেন এর আগে এত নিরপেক্ষ এবং সুষ্ঠুভাবে কোন বিতরণ কাজ সম্পন্ন হয়নি। বিতরণ কার্যক্রমে উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা চেয়ারম্যান, ভাইস-চেয়ারম্যান, সংশ্লিষ্ট ইউনিয়ন চেয়ারম্যান এবং রিকের কর্মীরা উপস্থিত ছিলেন।

প্রকল্পের ফলাফল:

চার বছরের প্রকল্পটি উল্লেখিত সমস্যা সমাধানের লক্ষ্যে নির্দিষ্ট কয়েকটি ফলাফল অর্জন করতে চায়। কাজিত ফলাফল গুলো হল :

- গ্রাম ও ইউনিয়ন পর্যায়ের প্রবীণ সংগঠন গড়ে উঠলে স্থানীয় উন্নয়নে প্রবীণদের জোরালো অংশগ্রহণ সম্ভব হবে।
- স্থানীয় পর্যায়ের সেবা প্রতিষ্ঠান গুলো

হতদরিদ্রদের দারিদ্র মোচনে আরও বেশী কার্যকর, স্বচ্ছ ও একনিষ্ঠ হবে।

- প্রবীণদের যাবতীয় স্বাস্থ্য চাহিদার প্রতি স্থানীয় স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠান আরও বেশী দায়িত্বশীল ও যথাযথ হবে। প্রবীণদের স্বাস্থ্য চাহিদা বৃদ্ধি পাবে এবং তারা জোরালো ভাবে এসব চাহিদার কথা তুলে ধরতে পারবে।
- প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলায় প্রবীণেরা আরো বেশী সক্ষম হবে। ফলে দুর্যোগে তাদের অসহায়তা হ্রাস পাবে। প্রবীণেরা তাদের অভিজ্ঞতা এবং জ্ঞান দিয়ে কমিউনিটির দুর্যোগ ঝুঁকি হ্রাস কার্যক্রমে অনেক বেশী কার্যকর ভাবে অংশগ্রহণ করতে পারবে।
- প্রবীণদের পক্ষে জোরালো ভাবে কাজ করতে সক্ষম এরকম কমিউনিটি ভিত্তিক প্রবীণ সংগঠন গড়ে তোলার ক্ষেত্রে জাতীয় বেসরকারী প্রতিষ্ঠানের সক্ষমতা বৃদ্ধি পাবে।
- প্রকল্প তিনটি উপজেলায় ২১টি ইউনিয়নে বাস্তবায়িত হলেও দেশের সমগ্র প্রবীণ জনগোষ্ঠীর সাথে এর সম্পর্ক রয়েছে। স্থানীয় পর্যায়ে অর্জিত অভিজ্ঞতা ও শিক্ষণ জাতীয় নীতিমালা ও কর্মকৌশল প্রনয়ণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে প্রকল্প বাস্তবায়নের সাথে সংশ্লিষ্ট সবাই মনে করেন। ■

প্রকল্প এলাকা পরিচিতি:

প্রকল্পটি রংপুর জেলার গঙ্গাচড়া উপজেলার ১০টি ইউনিয়নে, কক্সবাজার জেলার মহেশখালী উপজেলায় ৯টি ইউনিয়নে এবং গাজীপুর জেলার সদর উপজেলার ২টি ইউনিয়নে বাস্তবায়িত হচ্ছে। এখানে প্রকল্প এলাকা নির্ধারণের যৌক্তিকতা সংক্ষেপে তুলে ধরা হল:

রংপুর:

World Food Programme এর 2001 Poverty Map Ges

Human Poverty Index 2000

অনুযায়ী রংপুর জেলাকে একটি দারিদ্রপীড়িত এলাকা হিসেবে চিহ্নিত করা হয়েছে। গঙ্গাচড়া উপজেলা বছরে প্রায় তিনমাস মঙ্গাপীড়িত থাকে। এ সময় সরকারী এবং বেসরকারী পর্যায়ে এলাকায় আর্থিক সহায়তা ও সম্পদ হস্তান্তর করা হয়। কিন্তু দেখা গেছে এসকল সহায়তা আপদকালীন সময়ে কিছুটা সাহায্য করলেও এখানকার মানুষ অধিকাংশ মৌলিক অধিকার থেকে বঞ্চিত। রিক দেখেছে এ সকল বঞ্চিত মানুষের মাঝে সবচেয়ে দুঃস্থ ও অসহায় হচ্ছেন প্রবীণ জনগোষ্ঠী। যেহেতু রিক দীর্ঘদিন ধরে প্রবীণ জনগোষ্ঠীর অধিকার নিয়ে কাজ করে আসছে সুতরাং এই প্রকল্পের এলাকা নির্বাচনে রিক গঙ্গাচড়া উপজেলাকে প্রধান্য দেয়।



মহেশখালী:

মহেশখালী উপজেলা বাংলাদেশের দক্ষিণাঞ্চলের একটি দুর্যোগ ঝুঁকিপূর্ণ এলাকা। প্রায় সারাবছরই কোন না কোন দুর্যোগের মুখোমুখি হতে হয় এই এলাকার মানুষদের। রিক ১৯৯১ সাল থেকে এই এলাকায় প্রবীণদের নিয়ে কাজ করে আসছে। ২০০৬ সাল থেকে ২০০৯ পর্যন্ত আইরিশ এইডের আর্থিক সহায়তায় এবং হেল্প এইজের সাথে যৌথ ভাবে প্রবীণ অধিকার প্রতিষ্ঠা প্রকল্প (আরআরওপি) এই উপজেলার দুটি ইউনিয়নে বাস্তবায়িত হয়েছে। বর্তমান প্রকল্পটি মহেশখালী উপজেলার সকল ইউনিয়নে বাস্তবায়ন করার অন্যতম লক্ষ্য হচ্ছে সমগ্র উপজেলায় প্রবীণ অনুকূল পরিবেশ সৃষ্টি করা।

প্রবীণ উন্নয়ন

গাজীপুর:

রিক ২০০২ সাল হতেই হেল্পএইজ ইন্টারন্যাশনাল এর সহায়তায় গাজীপুর জেলায় OCMP এবং RROP নামে দুটি প্রকল্প বাস্তবায়ন করে আসছে। এসব প্রকল্প বাস্তবায়নের কারণে এই এলাকার প্রবীণ কমিটিগুলো একটি শক্তিশালী সামাজিক ভিত্তি গড়ে তুলেছে। ফলে নীতি নির্ধারনী পর্যায়ে

তারা নিজেদের দাবী তুলে ধরতে পারছে - যা প্রবীণদের অধিকার প্রতিষ্ঠায় ভূমিকা রাখছে। এলাকার বর্তমান কমিটি গুলোকে আদর্শ হিসেবে ধরে পূবাইল ইউনিয়নের পার্শ্ববর্তী দুটি ইউনিয়নের কয়েকটি গ্রামে প্রকল্পের আওতায় প্রবীণ কমিটির রেকপিকেশন হবে। রিক মনে করে এক এলাকার সাফল্যকে অন্য এলাকায় ছড়িয়ে দেওয়ার জন্য পূবাইল একটি আদর্শ ইউনিয়ন। ■



জাতীয় প্রবীণ নীতিমালা প্রণয়ন

বাংলাদেশ সরকার গত ২০০৭ সালে একটি জাতীয় প্রবীণ নীতিমালা প্রণয়ন করেছে। কিন্তু নীতিমালাটি এখন পর্যন্ত মন্ত্রণালয় থেকে গেজেট আকারে প্রকাশ হয়নি। আশা করা যাচ্ছে ভবিষ্যতে বাংলাদেশ সরকার প্রবীণদের জন্য এই নীতিমালাটি বাস্তবায়ন করবে যা প্রবীণ অধিকার প্রতিষ্ঠায় একটি ইতিবাচক ভূমিকা রাখবে।

জাতীয় স্বাস্থ্যনীতিমালায় প্রবীণদের কোন উল্লেখ নেই

প্রবীণ বয়সে স্বাস্থ্যগত আলাদা বৈশিষ্ট্যের কারণেই প্রবীণদের বিশেষ স্বাস্থ্যসেবা দরকার। সাম্প্রতিক কালে বাংলাদেশের মেডিকেল কারিকুলামে জেরোনটোলজি বিষয়টি অন্তর্ভুক্ত হলেও এখন পর্যন্ত প্রবীণ স্বাস্থ্য বিষয়ে উল্লেখযোগ্য সংখ্যক বিশেষজ্ঞ

তৈরি হয়নি। নাগরিকদের ধারাবাহিক দাবীর প্রেক্ষিতে জাতীয় স্বাস্থ্য নীতিমালা চূড়ান্ত হয়েছে। এই নীতিমালায় সব বয়সের স্বাস্থ্যসেবার বিষয়টি উল্লেখ থাকলেও প্রবীণদের স্বাস্থ্য বিষয়ে নির্দিষ্টভাবে কোন কিছুর উল্লেখ নেই।

বয়স্কভাতা গ্রহীতার সংখ্যা বৃদ্ধি এবং স্মার্ট কার্ড চালুর সম্ভাবনা

আন্তঃমন্ত্রণালয়ের এক বৈঠক ৫ এপ্রিল, ২০১০ এ অনুষ্ঠিত হয়। বৈঠকে

বয়স্কভাতার টাকার পরিমাণ না বাড়িয়ে বরং উপকারভোগীর সংখ্যা বাড়ানোর সিদ্ধান্ত নেয়া হয়। তাছাড়া সরকারের সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় সকল উপকারভোগীদের “স্মার্ট কার্ড” প্রদান করা এবং তাদের জন্য আলাদা তথ্যভান্ডার তৈরির সিদ্ধান্তও গৃহীত হয়। উল্লেখ্য যে ২০০৯-১০ অর্থ বছরে বয়স্কভাতা ২৫০ টাকা থেকে ৩০০ টাকা এবং উপকারভোগীর সংখ্যা ২০ লাখ থেকে বাড়িয়ে ২২ লাখ ৫০ হাজার করা হয়েছিল।

ভিজিডিইউপি প্রকল্পে প্রবীণদের অন্তর্ভুক্তি নেই

বাংলাদেশ সরকারের একটি প্রশংসনীয় উদ্যোগ হচ্ছে তৃণমূল পর্যায়ের অতিদরিদ্র মানুষের উন্নয়নে খাদ্য, সম্পদ ও আর্থিক সহায়তা প্রদান করা। নির্দিষ্ট বয়সের গ্রামীণ দুঃস্থ নারীদের এই কর্মসূচীতে অগ্রাধিকার দেয়া হলেও প্রবীণদের জন্য কোন আলাদা সুযোগ নেই। এই কর্মসূচীর মাধ্যমে প্রশিক্ষণ পেয়ে প্রবীণ নারী ও পুরুষেরা বিভিন্ন উপার্জন মূলক কাজের মাধ্যমে নিজেদের অসহায়তা কিছুটা লাঘব করতে পারবে।

সুতরাং সরকার যদি বয়স্কভাতার পাশাপাশি ভিজিডিইউপি প্রকল্পে দুঃস্থ অসহায় প্রবীণদের আলাদা কোটা প্রদান করে তবে এই বিরাট দরিদ্র জনগোষ্ঠী জাতীয় উন্নয়নে একটি সহায়ক শক্তি হিসেবে ভূমিকা রাখবে - এরকম অনেকেই আশা করেন।

নারী নীতিমালায় প্রবীণ নারীদের অন্তর্ভুক্তি নেই!

বাংলাদেশে প্রায় এক কোটি প্রবীণ জনগোষ্ঠী রয়েছেন যাদের মধ্যে অর্ধেক নারী। নারী নীতিমালায় সাধারণভাবে নারী অধিকার এবং তা বাস্তবায়নের পদক্ষেপ থাকলেও নির্দিষ্টভাবে প্রবীণ নারীদের কোন ইস্যু অন্তর্ভুক্ত করা হয়নি। নারী নীতিমালায় প্রবীণ নারীদের অন্তর্ভুক্তি তাঁদের পারিবারিক, সামাজিক, ও রাষ্ট্রীয় স্বীকৃতির ধারাবাহিক দাবী প্রতিষ্ঠায় ভূমিকা রাখবে।

জলবায়ু পরিবর্তন এবং প্রবীণ জনগোষ্ঠী

বিশ্বব্যাপী এখন অন্যতম আলোচনার বিষয় হচ্ছে জলবায়ু পরিবর্তন। জলবায়ু পরিবর্তনজনিত কারণে নিজেদের ভবিষ্যত নিয়ে মানুষ শংকিত।

এর ফলে সবচেয়ে বেশী ক্ষতিগ্রস্ত হচ্ছে কৃষিজমি যা প্রবীণদের পেশাকে ধ্বংস করে দেয় এবং তাদের করে তোলে বিপন্ন ও পরনির্ভরশীল। তাছাড়া জলবায়ু পরিবর্তনের ফলে যে সকল প্রাকৃতিক দুর্যোগ দেখা দেয় (যেমন: সাইক্লোন, টর্নেডো, বন্যা, জলোচ্ছ্বাস, খরা, নদী ভাঙ্গন) তাতে অন্যান্য জনগোষ্ঠীর তুলনায় সবচেয়ে অসহায় হয়ে পড়ে প্রবীণেরা। দুর্যোগের সময় একজন প্রবীণ তার শারীরিক অক্ষমতার কারণে দ্রুত আশ্রয়কেন্দ্রে যেতে পারেন না এবং গেলেও

একজন তৃণমূল প্রবীণ নারীনেত্রীর সাক্ষাৎকার

সেখানকার প্রবীণ অনুপোযোগী ব্যবস্থার কারণে দুর্ভোগের শিকার হন। এছাড়া দুর্যোগ পরবর্তী পূর্ণবাসন কাজে প্রবীণদের বিশেষ চাহিদাকে গুরুত্ব দেয়া হয় না। পরিবারে ও সমাজে তাদের চাহিদা আরো বেশী গৌণ হয়ে যায়। এভাবে প্রাকৃতিক দুর্যোগ প্রবীণদের নৈমিত্তিক অসহায়তাকে কয়েকগুণ বাড়িয়ে দেয়।

এই অসহায়তাকে শক্তিতে পরিণত করতে হবে। দুর্যোগের আগাম আভাস দেয়ার লোকজ জ্ঞান প্রবীণদের রয়েছে। দুর্যোগ ব্যবস্থাপনার অনেক ক্ষেত্রে তাদের অভিজ্ঞতা কার্যকর ভূমিকা রাখতে পারে। দুর্যোগ মোকাবেলায় প্রবীণ জনগোষ্ঠীকে সম্পৃক্ত করে তাদের সমাজের মূলধারায় আনতে হবে। ■



ফরিদা খানম

প্রবীণ নারী বিষয়ক সম্পাদক
পূবাইল ইউনিয়ন কমিটি,
গাজীপুর, পূবাইল।

প্রশ্ন: প্রবীণ প্রকল্পের সাথে আপনি কতদিন যাবত জড়িত আছেন?

রিকের প্রবীণদের নিয়ে প্রকল্পের শুরু থেকেই আমি জড়িত আছি। অর্থাৎ ২০০৩ সালে রিক যখন হেল্পএইজ ইন্টারন্যাশনাল এর সহায়তায় “ওল্ডার সিটিজেন মনিটরিং প্রজেক্ট (ওসিএমপি)” শুরু করে তখন থেকে বর্তমান সময় পর্যন্ত সরাসরি জড়িত আছি।

প্রশ্ন: প্রকল্পটিতে আপনি কী কী দায়িত্ব পালন করেছেন?

এই প্রবীণ প্রকল্পের উদ্দেশ্য সম্বন্ধে জেনে পূবাইলে একজন প্রবীণ নারী হিসেবে আমিই প্রথম এগিয়ে আসি এবং অন্যান্য প্রবীণ

নারীদের এই কাজের মর্মার্থ বুঝাতে সক্ষম হওয়ার পর তারাও ধীরে ধীরে যোগ দেয়। আমি বর্তমানে “প্রবীণ অধিকার প্রতিষ্ঠা প্রকল্পের (আরআরওপি)” আওতায় ইউনিয়ন প্রবীণ কমিটির নারী বিষয়ক সম্পাদকের দায়িত্ব পালন করছি এবং হেল্প এইজ জার্মানীর সহায়তায় পরিচালিত প্রবীণ নারীদের প্রকল্পের সম্পাদক হিসেবে দায়িত্ব পালন করছি। অধিকার বিষয়ে প্রবীণদের সচেতন করা, মিটিং পরিচালনা করা, দুঃস্থ্য প্রবীণদের তালিকা তৈরি করা, বিভিন্ন বিষয়ে ইউনিয়ন পরিষদের সাথে যোগাযোগ ও লবিং করা, দুঃস্থ্য ও অসহায় নারীদের ভাতা বিষয়ে খোঁজ খবর নেয়া ও তাঁদের সুযোগ সুবিধা বড়ানোর জন্য কমিটির অন্যান্যদের সাথে আলোচনা করে সেই অনুসারে কাজ করি।

প্রশ্ন: আপনি কি প্রবীণদের নিয়ে রিকের নতুন (POPP) প্রকল্পটি সম্পর্কে জানেন?

হ্যাঁ শুনেছি এবং এও শুনেছি যে এই প্রকল্পটি মহেশখালীর ৯টি ইউনিয়ন, রংপুরের গঙ্গাচড়া উপজেলার ১০টি ইউনিয়ন এবং গাজীপুরে ২টি ইউনিয়নে কাজ করছে।

প্রশ্ন: আপনার মতে এই নতুন প্রকল্পটি প্রবীণদের জন্য কতটা সহায়ক হবে?

আমার মনে হয় এই প্রকল্পের মাধ্যমে প্রবীণেরা অনেক উপকৃত হবেন যেমন আমরা হয়েছি। এই সকল এলাকার প্রবীণেরা তাদের অধিকার সম্পর্কে জানতে পারবেন। গঙ্গাচড়া একটি মঙ্গা পীড়িত এলাকা। মহেশখালী

সাগরের কাছে একটি দ্বীপ। প্রতি বছরই ঝড় হয় সেখানে। বাংলাদেশের অন্য এলাকার তুলনায় এই দু’ উপজেলার মানুষ উন্নয়নের সুবিধা অনেক কম পেয়েছে। সুতরাং প্রবীণদের অবস্থা কতটা করুণ তা সহজেই বোঝা যায়। রিকের এই প্রকল্প প্রবীণদের জীবনে কিছুটা হলেও পরিবর্তন আনবে এবং প্রবীণেরা তাদের নিজেদের বিষয়ে সচেতন হবেন বলে আমি মনে করি।

প্রশ্ন: প্রবীণদের জন্য রিক যেসব কাজ করছে সে সম্পর্কে আপনার ধারণা কি?

রিক বহু বছর যাবত প্রবীণদের নিয়ে কাজ করছে। আমাদের এলাকায় অন্যকোন এনজিও কে আমি এরকম কাজ করতে দেখি না। আমার মনে হয় রিক যদি আরও কিছু দিন প্রকল্প চালিয়ে যেত তাহলে প্রবীণদের সংগঠন গুলো বেশী শক্তিশালী ও টেকসই হত।

প্রশ্ন: প্রবীণদের নিয়ে কাজের কোন কোন ক্ষেত্রে এখনও তেমন অগ্রগতি হয়নি বলে আপনি মনে করেন?

নারীদের নিয়ে এখানে যে কাজ চলছে অন্যান্য এলাকায়ও তা শুরু করা উচিত। প্রবীণ নারীদের জীবন তাতে একটু হলেও পাল্টে যাবে। এছাড়া সরকারের সাথে প্রবীণদের অনেক দাবী নিয়ে লবিং করতে হবে। আমাদের সংগঠনগুলোর (প্রবীণ সংগঠন) রেজিস্ট্রেশন হওয়া দরকার। তাহলে অনেক কাজ ভালমতো করা সম্ভব হবে। ■

প্রবীণ নিয়ে ভাবনা

প্রবীণ নিয়ে ভাবনা



আলহাজ্জ মাহবুব কামাল

সভাপতি

মাতারবাড়ী ইউনিয়ন প্রবীণ কমিটি
মহেশখালী, কক্সবাজার।

সারা বিশ্ববাসী প্রবীণদের নিয়ে ভাবছেন, ভাবছেন বাংলাদেশ সরকার ও। এ ভাবনা দু'য়ুগ পার হতে চললেও ভাবনার শেষ হয়নি। নতুন করে সরকার ভাবছে সামাজিক উন্নয়নে কীভাবে প্রবীণদের সম্পৃক্ত করা যায়। অংশগ্রহণমূলক কাজে তাদের উন্নয়ন সাধন করা যায় ইত্যাদি। বেসরকারী প্রতিষ্ঠানগুলো প্রবীণদের নিয়ে আরো বেশী ভাবছে। বিশেষ করে 'রিক' এর তৎপরতায় আমি নিজেও প্রবীণদের নিয়ে ভাবতে উৎসাহ পেয়েছি। প্রবীণ বলতে যাদের বয়স ৫৫ বৎসর অতিক্রম করেছে তাদের বুঝানো হত। পরে তা গড় আয়ুর সাথে সমন্বয় করে ৬০ বৎসর করা হয়েছে। প্রবীণ শব্দটি ইংরেজিতে 'Old' কিন্তু 'Old' শব্দের অনেকগুলো অর্থ অনেক। যেমনঃ- বৃদ্ধ, প্রাচীন, বয়স্ক, পুরাতন, প্রবীণ ইত্যাদি। 'প্রবীণ' শব্দটি কিন্তু অভিজ্ঞতা সম্পন্নদের ক্ষেত্রে বেশী প্রযোজ্য। আমাদের কাছে শব্দটি মূলতঃ 'বয়স্ক' শব্দের প্রতিশব্দ হিসেবে নেওয়া হয়েছে। বয়স্ক বলতে ৬০ বৎসর বয়স থেকে উর্ধ্বকাল পর্যন্ত আয়ুষ্কালকে বুঝানো হয়েছে। সে যাই হোক; কেমন আছেন এসব প্রবীণরা? সবাই অবশ্যই

বলবেন অবহেলিত। এরা সন্তানের কাছে, সমাজের কাছে, জাতির কাছে অবহেলিত এক জনগোষ্ঠী, বাংলাদেশে যাদের সংখ্যা এক কোটির উর্ধ্ব।

প্রবীণদের নিয়ে আমার ভাবনা:

আমাদের মাঝেও অনেক প্রবীণ আছেন যারা তাদের মেধা, প্রজ্ঞা, অভিজ্ঞতা দিয়ে দেশ পরিচালনার কাজে নিয়োজিত। প্রত্যেক এলাকায় বা মহল্লায় প্রবীণ কম বেশী আছেন। আমরা যদি সংগঠিত হতে পারি তবে জাতীয় কর্মকাণ্ডে এক অনন্য ভূমিকা রাখা সম্ভব। তবে সংগঠন ছাড়া বিচ্ছিন্ন ভাবে তা কখনো সম্ভব নয়। আমরা আমাদের প্রবীণদের উন্নয়নে যদি কিছু গঠনমূলক কাজ করতে চাই, তাহলেও "Self help is the best help" নীতিতে বিশ্বাসী হতে হবে। সারা দেশে ইউনিয়ন, উপজেলা, জেলা এবং জাতীয় পর্যায়ে প্রবীণ সংগঠন গড়ে তোলার মাধ্যমে জাতীয় প্রবীণ সংগঠন প্রতিষ্ঠিত করতে হবে।

আমরা আমাদের নিজ নিজ সংগঠনের মাধ্যমে স্ব-স্ব এলাকার প্রবীণদের সমস্যা ও সম্ভাবনাসমূহ চিহ্নিত করে উপজেলা ও জেলা পর্যায়ে সংগঠনের মাধ্যমে জাতীয় প্রবীণ কমিটির কাছে পৌছাতে পারি। জাতীয় প্রবীণ কমিটি এসব সমস্যা ও সম্ভাবনা সমন্বয় করে সরকারের সাথে আলাপ আলোচনার মাধ্যমে সুবিধা বঞ্চিত প্রবীণদের জন্য ক্ষেত্র সৃষ্টিতে সহায়ক ভূমিকা পালন করতে পারে।

আমি বিশ্বাস করি "God helps those who help themselves" অর্থাৎ যারা নিজেরা নিজেদের সহায়তা করেন খোদা তাদের পাশে সবসময় থাকেন। আসুন, আমরা যারা সামর্থবান, স্বচ্ছল, শিক্ষিত, প্রজ্ঞাবান প্রবীণ, যাদের কর্মদীপনা এখনও প্রখর, তাঁরা উদ্যোগ নিয়ে অসহায়, দুঃস্থ প্রবীণ ভাইদের জন্যে কিছুটা হলেও শান্তিময় শেষ জীবন নিশ্চিত করার লক্ষ্যে স্ব-স্ব এলাকায় সংগঠিত হয়ে জাতীয় প্রবীণ কমিটি বাস্তবায়ন করার পদক্ষেপ গ্রহণ করি।

অতীব দুঃখের সাথে বলতে হয় জাতীয়

জীবনে প্রবীণ ইস্যুকে গুরুত্ব দিয়ে কোন মন্ত্রণালয় বা অধিদপ্তর সৃষ্টি হয়নি। এ রকম মন্ত্রণালয় থাকলে আমাদের পক্ষে কাজ অনেক সহজ হতো। এলাকা ভিত্তিক প্রবীণদের কর্ম-পরিকল্পনা গ্রহণ করে মন্ত্রণালয়ের মাধ্যমে বাস্তবায়নের জন্য আমাদের প্রবীণ সংগঠন অনেক বেশী উদ্যোগী হতে পারত। আমরা স্বাবলম্বী ও স্ব-নির্ভর হতে চাই। আমরা সন্তানের কাছে, সমাজের কাছে, জাতির কাছে বোঝা হয়ে থাকতে চাইনা। আর আমাদের মাঝে যারা অসহায়, অস্বচ্ছল আমরা প্রবীণরাই তাদের পাশে গিয়ে দাঁড়াব। আমাদের সংগঠন সদা-সর্বদাই তাদের কল্যাণার্থে নিরলস ভাবে কাজ করে যাবে। আমরা প্রবীণরাই আমাদের শেষ জীবনে যথা সম্ভব সুন্দর স্বাচ্ছন্দ্যময় ও সুখে অতিবাহিত করার প্রচেষ্টা অব্যাহত রাখব। ■

হেল্পএইজ আঞ্চলিক অফিস

হেল্পএইজ ইন্টারন্যাশনাল প্রবীণদের পক্ষে কাজ করার ক্ষেত্রে একটি আন্তর্জাতিক নেটওয়ার্ক। আন্তর্জাতিক এই সংস্থাটি দক্ষিণ এশিয়ার অন্যান্য দেশের মত বাংলাদেশের প্রবীণদের কল্যাণে কাজ করে যাচ্ছে। সম্প্রতি হেল্পএইজ ইন্টারন্যাশনাল দক্ষিণ এশিয়ায় প্রবীণদের পক্ষে আরো জোরালো এবং সমন্বিতভাবে কাজ করার জন্য ঢাকায় আঞ্চলিক অফিস প্রতিষ্ঠা করেন। গত ২৬-২৯ জানুয়ারী, ২০১০ হেল্পএইজ ইন্টারন্যাশনাল আঞ্চলিক কার্যালয়ের উদ্যোগে মহাখালী ব্র্যাক ইন সেন্টারে হেল্প এইজ ইন্টারন্যাশনাল এর দক্ষিণ এশিয়া কনফারেন্স অনুষ্ঠিত হয়েছে। ব্রিটেন সহ নেপাল, শ্রীলংকা, পাকিস্তান, ভারত এবং বাংলাদেশের ১৭ জন প্রতিনিধি এই কনফারেন্সে যোগ দেন। কনফারেন্সে দক্ষিণ এশিয়ার প্রবীণদের অধিকার প্রতিষ্ঠার বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা এবং সিদ্ধান্ত গৃহীত হয়।



খুকি মাই

বয়স: ৬৬, বড়বিল, গংগাচড়া, রংপুর।

আপনার নাম কী?

খুকি মাই।

আপনি কি আপনার এলাকার প্রবীণদের কমিটিতে আছেন?

হ্যাঁ। কমিটিতে আছি।

প্রবীণদের কমিটিতে এসে কী কাজ করেন?

নিয়মিত মিটিং করি, তাছাড়া রংপুর শহরে গিয়ে ট্রেনিং (রিসোর্স মবিলাইজেশন ট্রেনিং) নিয়েছি- ভবিষ্যতে সেই অনুসারে কাজ করবো।

প্রবীণদের কমিটিতে কেন যোগ দিয়েছেন?

আমি জানি এখানে এসে নগদ কিছু পাবো

না, তবুও আমরা কমিটির সাথে থাকবো, কাজ করবো।

সরাসরি কিছু সাহায্য না পেলেও প্রবীণ কমিটির সাথে থাকবেন?

থাকবো বাবা। শুধু সাহায্য দিলেই কি হয়? আগে আমার ছেলে আমাকে খুবই অপমান করত। এই কমিটি তে আসার ফলে- আমারও সাহস বাড়ছে, একটু দামও বাড়ছে, ছেলে এখন খারাপ ব্যবহার করে না। পাড়া প্রতিবেশী ডেকে খোঁজ খবর নেয়, এটাই কি কম বাহে.....

প্রবীণদের এই প্রকল্প থেকে আপনি কী আশা করেন?

কিছুই চাই না বাবা আপনাদের কাছে। গতবার বুড়াবুড়িরা (প্রবীণ নারী/পুরুষ) গঙ্গাচড়ায় মিছিলে (IDOP) গেলাম সেখানে ইউএনও, ম্যাজিস্ট্রেট, ডাক্তার, ক্ষ্যান্ত আপা (উপজেলা ভাইস-চেয়ারম্যান) এর মতো কত দামি দামি মানুষ আমাদের সাথে মিছিল করল। রিক না থাকলে তো জীবনেও এটা করা সম্ভব হতো না।...(রিকের কর্মী) এই আপা আমাদের বার বার বলছে চাউল, টাকা, গরু, ছাগল কিছু পাওয়া যাবে না। আমার কথা হইল -কোন কিছু নাই পাই, হামাক (আমাদের) যে সম্মানটা সবায় দিচ্ছে সেটা তো আর কায়য়ো (কেউই) দেয় নাই। ■

কেস স্টাডি: ১

বিরোজা বালা দে

মহেশখালী, কক্সবাজার।

বিরোজা বালা দে ঠাকুরতলা গ্রাম কমিটির সাংস্কৃতিক ও ক্রীড়া বিষয়ক সম্পাদক। প্রবীণ কমিটিতে যোগ দেয়ার আগের জীবন এবং বর্তমান জীবনের মাঝে তিনি অনেক পার্থক্য দেখতে পান। পূর্বে পরিবারে তার কোন সম্মান ছিলো না। সবাই তুচ্ছ কারণে খারাপ ব্যবহার করত, ঠিকমত খাবার দিত না। প্রতিবেশীদের কাছে তার কোন মূল্য ছিলো না। পথে কাউকে কিছু জিজ্ঞেস করলে উত্তর না পেয়ে শুধু অবজ্ঞা পেত।



প্রবীণ সংগঠন তাঁর জীবনকে ঘুরিয়ে দিয়েছে। সংগঠনের কাজে বিরোজা বালা বর্তমানে বিভিন্ন জায়গায় যান এবং প্রবীণদের নানা সমস্যা সমাধানে কথা বলেন এবং কাজ করেন। নিজেকে গুরুত্বপূর্ণ মনে হয়। পরিবারে ও তাঁর সম্মান বেড়েছে। কোন বড় সিদ্ধান্তের বেলায় তাঁর মতামত চাওয়া হয়। প্রতিবেশীরা দেখা হলে কুশল জিজ্ঞেস করেন। নিজে বয়স্ক ভাতার কার্ড পাননি বলে দুঃখ নেই। খুব অসহায় প্রবীণেরা কার্ড পেলেই বিরোজা বালা শান্তি। প্রবীণ কমিটি তাকে সঞ্চয়ে উদ্বুদ্ধ করেছে। তাঁর বিশ্বাস এই সঞ্চয় প্রবীণদের অভাব ঘুচাবে। বিরোজা বালা বিশ্বাস করেন রিকের সাহায্য ছাড়াই একদিন প্রবীণেরা তাদের কমিটির কাজ চালিয়ে নিতে পারবে। ■

১ অক্টোবর ২০০৯ এ রংপুর জেলার গঙ্গাচড়া উপজেলায় প্রথমবারের মত উদযাপিত হয় আন্তর্জাতিক প্রবীণ দিবস। উপজেলার প্রায় সবকটি ইউনিয়ন থেকে প্রবীণরা সমবেত হোন সোনালী ব্যাংক মোড়ে অবস্থিত রিক অফিসে। সকাল ১০.৩০ মিনিটে র্যালি শুরু করে সুশৃংখলভাবে সারা শহর প্রদক্ষিণ করেন এবং উপজেলা চত্বরে র্যালি শেষ হয়। প্রবীণ ছাড়াও র্যালিতে অংশ নেন উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা ভাইস চেয়ারম্যান, সমাজসেবা অফিসার এবং রিকের কর্মীবৃন্দ। র্যালী শেষে প্রবীণদের অধিকার এবং সামাজিক মর্যাদা প্রতিষ্ঠার বিভিন্ন দিক নিয়ে সংক্ষিপ্ত আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় প্রবীণদের পক্ষ থেকে বয়স্কভাতার টাকার পরিমাণ, ভাতা গ্রহীতার সংখ্যা বৃদ্ধি এবং তাঁদের সিনিয়র সিটিজেন ঘোষণার দাবী জানানো হয়।

প্রবীণদের জন্য হোম কেয়ার

বাংলাদেশে প্রবীণদের সংখ্যা দ্রুত বাড়ছে। কাজের জন্য মানুষ শহরমুখী হচ্ছে। জীবিকায়নের এই নতুন বিবর্তনের ধারায় ভেঙ্গে যাচ্ছে যৌথ পরিবার ব্যবস্থা। ফলে পরিবারের প্রবীণ ব্যক্তিটি একা থাকছেন এবং তাকে দেখাশোনার কেউ থাকছে না। পারিবারিক সেবা বঞ্চিত এই সব প্রবীণদের বেঁচে থাকার জন্য প্রয়োজনীয় দৈনন্দিন কাজ গুলোও শারীরিক অসামর্থ্যের কারণে করতে পারছেন না। আর্থিক কিংবা শারীরিক সামর্থ্যের অভাবে অসুস্থতার সময় চিকিৎসা সেবা গ্রহণ তাদের জন্য কষ্টসাধ্য হয়ে যাচ্ছে। বিনোদনহীন, নিঃসঙ্গ জীবন যাপন করতে হচ্ছে প্রবীণদের। এই অসহায়তার প্রেক্ষিতে হোম বেইজড কেয়ারের চাহিদা বাড়ছে।



অনেক প্রবীণ একা থাকেন, নিজের যত্ন নিতে পারেননা। এমনকি দৈনন্দিন কাজের ক্ষমতাও হারিয়ে ফেলেছেন। সেবা করার মত কোন নিকট আত্মীয় নেই। এদের অনেকেই চলাফেরা করতে অসমর্থ্য এবং শয্যাগত। দীর্ঘস্থায়ী রোগে আক্রান্ত হওয়ার কারণে এইসব প্রবীণদের নিয়মিত সেবা গ্রহণ জরুরী। অর্থের বিনিময়ে কিংবা স্বেচ্ছাসেবার ভিত্তিতে সেবা কর্মীদের বাড়ী যেয়ে এইসব প্রবীণ নারী পুরুষদের সেবা দেয়াই হচ্ছে হোম কেয়ার। এসব সেবার মধ্যে খাবার তৈরি, গোসল করানো, খাওয়ানো, ঘর পরিষ্কার করা, ঔষধ খাওয়ানো, ডাক্তারের সাথে পরামর্শ করা, কাপড় পাল্টে দেয়া, বিছানা করে দেয়া, সঙ্গ দেয়া, পত্রিকা বা গল্পের বই পড়ে শোনানো, গল্প বলা, বেড়াতে নিয়ে যাওয়া এবং বাজার করা হোম কেয়ারের অন্তর্ভুক্ত।

এই সেচ্ছাসেবকদের বলা হয় “কেয়ার গিভার”। কেয়ার গিভাররা সাধারণত সংশ্লিষ্ট কমিউনিটির অধিবাসী হয়ে থাকেন। কোরিয়া, ফিলিপাইন, শ্রীলংকা, ইন্দোনেশিয়া, কম্বোডিয়া, ভিয়েতনামসহ এশিয়ার অনেক দেশেই প্রবীণদের জন্য হোমকেয়ার ব্যবস্থা প্রচলিত আছে। ইউরোপীয়ান কমিশনের অর্থায়নে বর্তমান

প্রকল্পের কর্ম এলাকায় বর্তমান বছরে বিশটি গ্রামে “হোম কেয়ার মডেল” বাস্তবায়নের পরিকল্পনা রয়েছে। পারিবারিক এবং সামাজিক পর্যায়ে কেয়ার গিভার তৈরির মাধ্যমে এগুলো পরিচালিত হবে। এই মডেলের সফল বাস্তবায়নে কমিউনিটিতে অসুস্থ এবং অক্ষম প্রবীণদের সেবার ক্ষেত্রে নতুন আশার সৃষ্টি হবে। ■



স্পনসর এ গ্রান্ড প্যারেন্টস (এস এ জি) প্রোগ্রাম

‘হেল্প দ্য এইজড’ এর অর্থায়নে এবং “হেল্পএইজ ইন্টারন্যাশনাল” এর সহায়তায় তিন বছর মেয়াদে ‘স্পনসর এ গ্রান্ড প্যারেন্ট (এস.এ.জি)’ নামে একটি প্রকল্প রিসোর্স ইন্টিগ্রেশন সেন্টার (রিক) এপ্রিল ২০০৯ পিরোজপুর জেলার নাজিরপুর উপজেলার তিনটি ইউনিয়নে (শীরামকাঠী, শাঁখারীকাঠী এবং শেখমাটিয়া) বাস্তবায়ন করে আসছে। সর্বপ্রথমে নাজিরপুর এলাকায় প্রবীণ সদস্যের উপর একটি আর্থসামাজিক জরিপ চালানো হয় এবং দুস্থ প্রবীণদের তালিকা তৈরি করা হয়। এলাকার প্রবীণ নেতৃবৃন্দের তত্ত্বাবধানে সহায়তা প্রাপ্ত প্রবীণদের বাছাই তালিকাটি চূড়ান্ত করা হয়। বর্তমানে এই প্রকল্পের আওতায় মোট ১০০ জন প্রবীণকে প্রতি মাসে ৫০০ টাকা আর্থিক সহায়তা, ৫০ জন প্রবীণকে প্রতি মাসে স্বাস্থ্যসেবা, এককালীনভাবে ২০ জনকে ৫০০০ টাকা ক্ষুদ্রঋণ, ১০০ জনকে শীতবস্ত্র এবং ৫০ জন প্রবীণের মধ্যে ছাগল বিতরণ করা হয়েছে। এই সকল সহায়তার মূল লক্ষ্য হচ্ছে দুস্থ প্রবীণদের দৈনন্দিন জীবনের দুঃখ কষ্ট লাঘব করা। পাশাপাশি ঋণ সহায়তাকে পুঁজি হিসেবে ব্যবহার করে প্রবীণ উপযোগী আয়মূলক কাজের মাধ্যমে নিরাপদ জীবনযাপনে সচেষ্ট করা। প্রকল্পটির আরো একটি গুরুত্বপূর্ণ দিক হচ্ছে এই সহায়তার মাধ্যমে সমাজের স্বচ্ছল ব্যক্তিদেরকে উদ্বুদ্ধ করে তোলা, যাতে তারা দুঃস্থ প্রবীণদের কল্যাণে বিভিন্ন ধরনের উদ্যোগ গ্রহণ করেন।

প্রবীণদের নিয়ে রিকের অন্যান্য প্রকল্প

প্রবীণ নারীদের জন্য সমন্বিত সহায়তা প্রকল্প

বাংলাদেশের প্রায় এক কোটি প্রবীণদের ৪৩% দরিদ্র (ওয়ার্ল্ড ব্যাংক, ২০০৬. Social safety Net in Bangladesh) এই দরিদ্র প্রবীণদের অর্ধেক নারী। সমাজ ব্যবস্থার সংগতির কারণে প্রবীণ নারীরা জীবনের প্রথম থেকেই নানা বঞ্চনার শিকার হয়ে আসছেন। গ্রামীণ দুঃস্থ ও অসহায় নারীদের বেলায় এই বঞ্চনার বিস্তার অনেক গভীরে প্রোথিত। কঠিন দারিদ্র, নূন্যতম স্বাস্থ্য সেবার অপ্রাপ্তি কোন প্রকার সামাজিক যোগাযোগ বিহীন এই বিরাট জনগোষ্ঠী দেশের উন্নয়ন নীতি ও কার্যক্রমে প্রায় অনুপস্থিত। জাতীয় নারী ও স্বাস্থ্যনীতিতে প্রবীণ নারীদের উল্লেখ নেই। সরকারের বিধবা ভাতা কার্যক্রমে তাঁদের কোন অগ্রাধিকার দেয়া হয়নি। অথচ বিধবা নারীদের একটি বড় অংশ তাঁরাই। দুঃস্থ প্রবীণ নারীদের অধিকাংশ সরকারের বয়স্কভাতা কার্যক্রমের আওতায় আসেনি।

এই বাস্তবতার প্রেক্ষিতে রিক তার সামাজিক দায়বদ্ধতা থেকে এসব দুঃস্থ প্রবীণ নারীদের জন্য একটি পাইলট প্রজেক্ট বাস্তবায়ন করেছে। হেল্প এইজ জার্মানীর সহায়তায় বাংলাদেশের প্রবীণ নারীদের জন্য সমন্বিত সহায়তা” নামে দুই বছর মেয়াদের প্রকল্পটি এপ্রিল ২০০৯ থেকে গাজীপুর জেলার পূবাইল ইউনিয়নে বাস্তবায়িত হচ্ছে। মোট ২৭৪০ জন প্রবীণ নারীদের ওয়ার্ড কমিটির আওতায় সংগঠিত করা হয়েছে। মাসে দুইবার অনুষ্ঠিত কমিটির মিটিং এ তাঁদের নানাবিধ সমস্যা নিয়ে আলোচনা হয়। প্রবীণ নারীদের সচেতন করা, তাদের সমস্যাকে সমাজের সামনে আরও ভালভাবে তুলে ধরার জন্য কমিটির সদস্যদের নেতৃত্ব প্রশিক্ষণ দেয়া হয়েছে। প্রকল্পের আওতায় সবচেয়ে দুঃস্থ প্রবীণ নারীদের গৃহ নির্মাণ সমগ্রী সহ উৎপাদনশীল সম্পদ বিতরণ করা হয়েছে। এছাড়া স্বাস্থ্য ক্যাম্পের আয়োজন করে অসুস্থদের চিকিৎসা দেওয়া হয়।

এই প্রকল্পটির প্রাথমিক সাফল্যে উৎসাহিত

হয়ে হেল্প এইজ জার্মানী’র সহায়তায় রিক মুন্সিগঞ্জ এবং পিরোজপুর জেলার চারটি ইউনিয়নে বর্তমান প্রকল্পটিকে সম্প্রসারিত করেছে।



দুঃস্থ প্রবীণদের জন্য কমিউনিটি ভিত্তিক স্বাস্থ্য সহায়তা প্রকল্প

স্বাস্থ্য কেবল রোগবালাই থেকে মুক্ত জীবন নয় এর সাথে জড়িয়ে আছে শারীরিক, মানসিক এবং সামাজিকভাবে সক্রিয়তা। গ্রামীণ স্বাস্থ্য ভাবনায় এই পূর্ণাঙ্গ রূপটি অনুপস্থিত। স্বাস্থ্য সেখানে শুধুই শারীরিক সুস্থতা। আবার দরিদ্র প্রবীণদের জীবনে এই সুস্থতাও নেই। দরিদ্র প্রবীণরা তাদের অসুস্থতাকে বয়সের স্বাভাবিক নিয়ম হিসেবে মেনে নেয়। সমাজেও একই ধারণা প্রবল ভাবে বিদ্যমান। এ জন্য প্রবীণদের ক্ষেত্রে স্বাস্থ্য সেবার চাহিদা প্রয়োজনের তুলনায় নগণ্য। কমিউনিটিতে অবস্থিত স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানে কর্মরত সেবা প্রদানকারীরাও প্রবীণদের স্বাস্থ্য চাহিদার প্রতি সংবেদনশীল নয়। ফলে দরিদ্র প্রবীণরা স্বাস্থ্য অবহেলা এবং বৈষম্যের শিকার। প্রবীণ স্বাস্থ্যের এই সামাজিক বাস্তবতায় ইতিবাচক পরিবর্তন আনার লক্ষ্যে রিক বিগত এক বছর ধরে দরিদ্র প্রবীণদের স্বাস্থ্য সহায়তা দেয়ার জন্য কানাডিয়ান উন্নয়ন সংস্থার (সিডা) সহযোগিতায় নওগাঁ জেলার সাপাহার

উপজেলার গোয়ালা ইউনিয়নে ‘দুঃস্থ প্রবীণদের জন্য কমিউনিটি ভিত্তিক স্বাস্থ্য সহায়তা’ প্রকল্প কার্যক্রম বাস্তবায়ন করছে। (এপ্রিল, ২০০৯ থেকে জুন ২০১০ পর্যন্ত)

এই প্রকল্পের তিনটি মূল উদ্দেশ্য হলো-দরিদ্র প্রবীণদের বিনামূল্যে স্বাস্থ্যসেবা প্রদান, স্বাস্থ্যসেবা গ্রহণের ক্ষেত্রে প্রবীণদের স্বাস্থ্য চাহিদা বৃদ্ধি করা এবং প্রবীণদের স্বাস্থ্য চাহিদার প্রতি সেবা প্রদানকারীদের মনোভাবে ইতিবাচক পরিবর্তন আনা। এসব উদ্দেশ্য পূরণের জন্য কৌশল হিসেবে প্রকল্প প্রবীণদের সংগঠিত করছে এবং প্রবীণ স্বাস্থ্য নিয়ে প্রবীণ জনগোষ্ঠী, স্থানীয় সরকার এবং স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানের মধ্যে নেটওয়ার্ক প্রতিষ্ঠায় উদ্যোগী হয়েছে।

প্রবীণ নারী পুরুষদের গ্রাম ভিত্তিক তালিকা তৈরীর মধ্য দিয়ে প্রকল্প কাজ শুরু হয়। সমগ্র ইউনিয়নে ৫০টি গ্রাম কমিটি গঠন করা হয়। এসব কমিটি থেকে মোট ৫০ জনকে (২৯ জন পুরুষ, ২১ জন নারী) প্রতিরোধ ও নিরাময়যোগ্য স্বাস্থ্যসেবা বিষয়ে ৫ দিনের আবাসিক প্রশিক্ষণ দেয়া হয়। গ্রাম কমিটির মাসিক সভায় প্রবীণ স্বাস্থ্য নিয়ে সচেতনতা মূলক আলোচনা করা হয়। চিকিৎসা সেবা প্রদানের আওতায় প্রতিমাসে প্রত্যেক গ্রামে স্যাটেলাইট ক্লিনিকের আয়োজন করা হয়। প্রবীণ কমিটি ইউনিয়ন পরিষদের সাথে নিয়মিত যোগাযোগের মাধ্যমে ইউনিয়ন পর্যায়ে বিদ্যমান স্বাস্থ্যসেবায় দরিদ্র প্রবীণদের সুযোগ বাড়ানোর লক্ষ্যে নির্বাচিত জন প্রতিনিধিদের ক্ষমতা প্রয়োগের জন্য লবিং করেন। এছাড়া ইউনিয়ন পরিষদের স্যানিটেশন কার্যক্রমে দরিদ্র প্রবীণদের বিশেষ ভাবে সুবিধা প্রদানের জন্য প্রবীণ সংগঠন লবিং করছে।

প্রকল্প বাস্তবায়নের ফলে স্বাস্থ্যসেবা গ্রহণের ক্ষেত্রে এলাকার প্রবীণদের দৃষ্টিভঙ্গি পরিবর্তন হয়েছে। অসুস্থ হলে এখন তাঁরা স্বাস্থ্যসেবা গ্রহণের উদ্যোগ নিচ্ছে। তাঁদের দৃষ্টিভঙ্গি পরিবর্তনের পাশাপাশি পারিবারিক এবং সামাজিক পর্যায়েও প্রবীণদের স্বাস্থ্যসেবা গ্রহণের প্রয়োজনীয়তার বিষয়টি

শহরের বস্তিবাসী প্রবীণ



গুরুত্ব পাচ্ছে। আচরণ এবং দৃষ্টিভঙ্গি পরিবর্তনের এই প্রক্রিয়ায় ঝাড়ফুক, কবিরাজী চিকিৎসার পরিবর্তে রেজিস্টার্ড ডাক্তারের পরামর্শ গ্রহণের আগ্রহ বৃদ্ধি পেয়েছে। ফলে স্বাস্থ্য সেবাদানকারী প্রতিষ্ঠানগুলোতে প্রবীণদের অভিজ্ঞতা ও যোগাযোগ তৈরি হয়েছে এবং তাঁদের প্রতি স্বাস্থ্য সেবাদানকারী প্রতিষ্ঠানগুলোর আচরণে ইতিবাচক পরিবর্তন এসেছে। প্রকল্প কার্যক্রমের ফলে প্রতিটি গ্রামে একজন স্বাস্থ্য কর্মী তৈরি হয়েছে এবং প্রবীণদের নিরাময় ও প্রতিরোধমূলক স্বাস্থ্য বিষয় নিয়ে সমাজে প্রচারণা বেড়েছে।

একটি ইউনিয়নের সাফল্যকে বিচ্ছিন্নভাবে স্থায়ী রূপ দেয়া যায় না। প্রকল্প থেকে অর্জিত জ্ঞান এবং অভিজ্ঞতাকে সারা দেশের প্রবীণদের ক্ষেত্রে প্রয়োগের জন্য রাষ্ট্রীয়নীতি এবং কার্যক্রম গ্রহণ আবশ্যিক। ■

শহরের বস্তিবাসী প্রবীণ

ঢাকা মহানগরের বিশাল জনগোষ্ঠীর একটি বড় অংশ বস্তি এলাকায় বাস করে। তাদের মধ্যে প্রবীণদের সংখ্যাও একেবারে কম নয়। সামর্থ্যবানদের সাথে বেঁচে থাকার সংগ্রামে

প্রবীণরাও অংশ নেয়। এই বয়সে এসেও বেঁচে থাকার তাগিদে তারা জড়িয়ে আছেন বিভিন্ন পেশার সাথে যেমন রিকশা, ভ্যান, ঠ্যালাগাড়ী চালানো, অন্যের বাড়ীতে কাজ করা, হাতের কাজ, মুদি ব্যবসা, দিন মজুরী, ভিক্ষা সহ নানা পেশায়। যারা কোন পেশার সাথে নিজেকে জড়াতে পারছেন না তাদের অবস্থা আরো করুণ। তারা কোন রকমে ভিক্ষাবৃত্তির মাধ্যমে মানবতর জীবনযাপন করছেন। এই ঢাকা শহরে প্রবীণরা ভাল নেই। গ্রাম এবং শহুরে প্রবীণদের জীবন যাপন ব্যবস্থার মধ্যে অনেক পার্থক্য দেখা যায়। শহুরে জীবন সংগ্রাম গ্রামের চেয়ে অনেক বেশী কঠিন। এখানে থাকার ন্যূনতম জায়গাও তারা পায়না, একটি মাত্র ঘর, যার চৌকিতে ঘুমায় ছেলে, বউ, নাতী আর মেঝেতে শোয়ার সুযোগ হয় বৃদ্ধ বাবা মার।



গ্রামের প্রবীণরা স্বাস্থ্যসেবা, বয়স্কভাতাসহ সরকারের বেশ কিছু সুযোগ সুবিধা গ্রহণ করতে পারছেন। স্থানীয় সরকারের মাধ্যমে এ সব সুবিধা সম্পর্কে তারা জানতে পারেন। কিন্তু সরকারের অপ্রতুল প্রচার ব্যবস্থার কারণে শহরের বস্তিবাসী প্রবীণরা এ সকল সেবা সম্পর্কে জানতে পারেননা। সুতরাং সরকারী, বেসরকারী প্রতিষ্ঠানসহ যে সকল প্রতিষ্ঠান বস্তিবাসীদের জীবনমান উন্নয়নে কাজ করে তারা যদি তাদের কাজের অংশ হিসাবে প্রবীণদের জন্য উন্নয়ন কর্মসূচী গ্রহণ করে, তাহলে শহরের বস্তিবাসী প্রবীণদের জীবনমানের কিছুটা হলেও উন্নয়ন হবে। ■

প্রবীণ কণ্ঠ

ফেব্রুয়ারী ১৫, ২০১০, ঢাকা

সম্পাদনা

আবুল হাসিব খান

সার্বিক তত্ত্বাবধানে

তোফাজ্জেল হোসেন মঞ্জু

সহযোগিতায়

লিপি রহমান

ফেরদৌসী বেগম

বেলায়েত হোসেন

মনিরুল কবির

শামসুল হুদা

প্রকাশনায়



রিক

রিসোর্স ইন্টিগ্রেশন সেন্টার

বাড়ি ২০, সড়ক ১১ (নতুন) ৩২ (পুরাতন)

ধানমন্ডি ঢাকা-১২০৯

টেলিফোন: +৮৮০ ২ ৮১১৮৪৭৫

ফ্যাক্স: +৮৮০ ২ ৮১৪২৮০৩

ই-মেইল: ricdirector@yahoo.com

ডিজাইন

মির্ঠ আহমেদ